

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/10/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো ও SUNY'র চেয়ারম্যান এইচ. কার্ল ম্যাককল চেয়ারম্যান-এর
অবসরের ঘোষণা দিয়েছেন**

চেয়ারম্যান এইচ. কার্ল ম্যাককল বলেন, "দশ বছরের চাকুরি শেষে, আমি স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York)-এর ট্রাস্টি বোর্ড-এর চেয়ারম্যান-এর পদ থেকে অবসরের সিদ্ধান্ত নিয়েছি। আমি বিশ্বাস করি আমার এখন অন্য কাজে মনোযোগী হওয়ার এবং SUNY-কে আরও বেশি উচ্চতায় নিয়ে যেতে নতুন দূরকল্পের সুযোগ করে দেওয়ার সময় এসেছে। এতটা আন্তরিক পরিবেশে কাজ করতে পেরেছি বিষয় আমি গভর্নর, ট্রাস্টি সদস্যগণ, ফ্যাকাল্টি ও নিউইয়র্কের ভবিষ্যৎ নেতা আমাদের শিক্ষার্থীদেরকে তাদের নিরবচ্ছিন্ন সহায়তা দিয়ে যাওয়ার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো বলেন, "দীর্ঘ 50 বছরের বেশি সময় ধরে সরকারি চাকুরির পর এই জুন-এ SUNY'র চেয়ারম্যান এইচ. কার্ল ম্যাককল-এর অবসরের ঘোষণা দেওয়া অল্পমধুর অভিজ্ঞতা। চেয়ারম্যান ম্যাককল একজন বন্ধু, নিখাঁদ সরকারি কর্মকর্তা যিনি তার পেশাগত জীবনের পুরোটা অন্যদের জীবনমান উন্নয়নে উৎসর্গ করেছেন।"

চেয়ারম্যান ম্যাককল কখনো কারো সাহায্যের অনুরোধ আগ্রহ্য করেননি এবং নিউইয়র্ক ও আমাদের দেশের প্রতি প্রতি অতুলনীয় অঙ্গীকার প্রদর্শন করেছেন, তিনি স্টেট সিনেটর, কম্পট্রোলার, কমিশনার, জাতিসংঘে দেশের দূত, এবং সম্প্রতি 2011 সাল থেকে SUNY ট্রাস্টি বোর্ড-এর চেয়ারম্যান হিসেবে এসব দায়িত্ব পালন করেন। তার অর্জন অসংখ্য, কিন্তু সমতা, বৈচিত্র্য, নিউইয়র্কের শিক্ষার্থীদের, বিশেষ করে অনগ্রসর অঞ্চল থেকে আসা শিক্ষার্থীদের শিক্ষার সুযোগ তৈরি, তাদের উচ্চতর ও সুলভে শিক্ষা প্রদানে তার অঙ্গীকারের জন্য দীর্ঘদিন মানুষ তাকে স্মরণ করবে।"

তিনি একজন পথ প্রদর্শক যিনি অন্যদের অনুসরণের জন্য পথ তৈরি করেন, এবং তিনি সরকারের মৌলিক লক্ষ্য থেকে কখনোই বিচ্যুত হননি: যেটি হচ্ছে আমরা যাদের সেবা দিই তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন সাধন করা। চেয়ারম্যান ম্যাককল-এর নেতৃত্বের কারণে SUNY এখন আরও বেশি শক্তিশালী, তার লিগেসি ও প্রভাব তিনি চলে যাওয়ার পরও নিউইয়র্কের অধিবাসীগণ দীর্ঘদিন বয়ে নিয়ে যাবে। আমি নিউইয়র্কের অধিবাসীদের সাথে মিলে চেয়ারম্যান ম্যাককল-এর মর্যাদাপূর্ণ ক্যারিয়ার উদযাপন করতে চাই এবং আমাদের স্টেটের প্রতি প্রদত্ত সেবার জন্য তাকে ধন্যবাদ জানাতে চাই।"

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)